

২। ২০২২-২০২৩ ইং অর্থ বছরের ইউপি সম্ভাব্য বাজেট অনুমোদন প্রসঙ্গে।

আলোচ্যসূচি মোতাবেক জনাব মোঃ জহের আলী সাহেব জানান যে, চলতি ২০২২-২০২৩ অর্থ বৎসরে বসতবাড়ীর বাৎসরিক মূল্যের উপর ৩,৩৩,৩৫,১৫০/- টাকা ভ্যালুয়েশনের বিপরীতে ৩% হিসাবে মোট = ১০,০০,০০০/- টাকা কর খাতে হাল দাবি ধার্য আছে। আগামী ২০২২-২০২৩ অর্থবৎসরে বসতবাড়ীর বাৎসরিক মূল্যের উপর মডেল টেক্স সিডিউল ২০১৩ মোতাবেক কর খাতে হাল দাবি ১০,০০,০০০/- টাকা ধার্য করার প্রস্তাব করা হয় রেকর্ডপত্র দৃষ্টে বকেয়া দাবী ১৩,৫৯,৬৬০/- টাকা প্রস্তাব করা হয়েছে। ৯টি ওয়ার্ডের উন্মুক্ত ওয়ার্ড সভা ও গত ০৫/০৫/২০২২ ইং তারিখে অনুষ্ঠিত ইউপি উন্মুক্ত বাজেট সভায় কর ধার্য ও আদায় বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। কর ধার্য ও আদায় কাজে জনসাধারণের নিকট হতে কোন অভিযোগ বা সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি। কর সংক্রান্ত বিষয়ে জনসাধারণের মূল দাবি ছিল আদায়কৃত করের টাকা যেন প্রকৃত জনকল্যাণে ব্যয় হয়। উন্মুক্ত বাজেট সভা ও ইউপি উন্মুক্ত বাজেট সভায় উপস্থিত গন্যমান্য ব্যক্তিবর্গ ইউনিয়ন পরিষদের প্রতি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন এবং ভবিষ্যতে ২০২১-২০২২ অর্থবৎসরে রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অর্জন করে জনস্বার্থে দৃশ্যমান প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করে ইউনিয়ন পরিষদের সাথে জনগণের সম্পৃক্ততা বৃদ্ধির আহ্বান জানান।

এমতাবস্থায় সার্বিক দিক বিবেচনা করিয়া ১০০% ট্যাক্স আদায়ের কর্মপরিকল্পনা নির্ধারণ সহ বাজেট মোতাবেক আয় ব্যয় করার বিষয়ে উপস্থিত সকলের প্রতি অনুরোধ জানান। অতঃপর বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনান্তে জনাব মোসাঃ সেলিনা বেগমের প্রস্তাবে ও জনাব মোঃ রফিকুল ইসলাম সাহেবের সমর্থনে হাল দাবি ১০,০০,০০০/- টাকা বকেয়া দাবী ১৩,৫৯,৬৬০/- মোট ২৩,৫৯,৬৬০/- টাকা সরকারী বিধি অনুসরণ পূর্বক ১০০% আদায়ের স্বার্থে সকল প্রকার সনদ, লাইসেন্স ইত্যাদি ইস্যুর ক্ষেত্রে হালনাগাদ ট্যাক্স পরিশোধ আছে কি-না তা নিশ্চিত হওয়ার পরই কেবলমাত্র ঐ সকল সনদ ইস্যু করা যাবে মর্মে সিদ্ধান্ত গৃহিত ও অনুমোদিত হয়।

(খ) পেশা/ব্যবসার লাইসেন্স ফিঃ নির্ধারণ প্রসঙ্গে আলোচনা।

আলোচ্যসূচী অনুযায়ী সভাপতি মহোদয় আগামী ২০২২-২০২৩ অর্থ বছরের পেশা ব্যবসার উপর পেশা ভিত্তিক ফিঃ ও কর নির্ধারণ করার বিষয়ে আলোচনাক্রমে সিদ্ধান্ত গ্রহণের জন্য উপস্থিত সকলের প্রতি আহ্বান জানান। জনাব মোঃ আঃ সাত্তার সদস্য সাহেব জানান যে, গত ০৫/০৫/২০২২ ইং তারিখে অনুষ্ঠিত ইউপি উন্মুক্ত বাজেট সভায় উপস্থিত ব্যবসায়ীগণ জানান যে আগামী অর্থবৎসরে লাইসেন্স ফি ও কর বৃদ্ধি করিয়া কর ধার্য করার অনুরোধ জানিয়েছেন। অতঃপর আলোচ্যসূচী মোতাবেক বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনান্তে জনাব মোঃ সিদ্দিকুর রহমান প্রস্তাবে ও জনাব মোছাঃ রাশিদা বেগমের সমর্থনে আগামী ২০২২-২০২৩ অর্থবৎসরেরও লাইসেন্স ফি ও কর খাতে ফি ধার্য ও আদায় করার সিদ্ধান্ত গৃহিত ও অনুমোদিত হয়।